

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা ২০২৩-২৪ অর্থ বছরের স্টেকহোল্ডারগণের অংশ গ্রহনে সভার রেজুলেশন
উপজেলাঃ বড়াইগ্রাম জেলাঃ নাটোর

স্থানঃ বড়াইগ্রাম, উপজেলা ইউসিসিএলিঃ এর হলরুম।

তারিখঃ ১৩/০৯/২০২৩ ইং। সময়ঃ-বেলা-১০-৩০ ঘটিকা।

অধ্যকার সভায় জনাব মোঃ আমজাদ হোসেন, উপজেলা সমবায় অফিসার, বড়াইগ্রাম, নাটোর এর সভাপতিত্বে সভার কাজ আরম্ভ করা হল।

বিষয়ঃ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা ২০২৩-২৪ অর্থ বছরের স্টেকহোল্ডারগণের অংশ গ্রহনে সভা।

উপস্থিতিঃ হাজিরা সংযুক্ত।

আলোচ্য বিষয়	গ্রহীত সিদ্ধান্ত
১। সমবায় অধিদপ্তরের সেবা সম্পর্কে আলোচনা।	১। অধ্যকার সভায় উপজেলা সমবায় অফিসার, বড়াইগ্রাম নাটোর উপস্থিত ব্যক্তি বর্গকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সমবায় সমিতি আর্থ-সামাজিক উন্নয়নে সমবায় অধিদপ্তর তথা উপজেলা সমবায় অফিস, বড়াইগ্রাম, নাটোর সর্বদা সেবা প্রদান করে আসছে। সেবার বিষয়গুলি সংক্ষেপে উল্লেখ করা হল। ০১) সমবায় সমিতি নিবন্ধন প্রদানের জন্য যে কোন পরামর্শ। ০২) সমবায় সমিতি কর্তৃক কোন অভিযোগ থাকলে তা দ্রুত নিষ্পত্তি করন। ০৩) সমবায় সমিতি গঠনের মাধ্যমে বেকার ও ছিন্নমূল মানুষের জীবন যাত্রার মান উন্নয়ন করার কৌশল সম্পর্কে অবহিত করন। ০৪) নিবন্ধনের আবেদন দ্রুত নিষ্পত্তি করন। ০৫) নিবন্ধিত সমবায় সমিতির নিয়মিত, তদারকি, পরিদর্শন ও সমিতির বার্ষিক হিসাবের ভিত্তিতে বিধিবিধি নিরীক্ষা সম্পাদন। ০৬) সমবায় সমিতির যথা সময়ে নির্বাচন অনুষ্ঠান, অডিট শেষে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান, সমবায় সমিতির খাতাপত্র লিখন সহ সামগ্রিক বিষয়ে সঠিক পরামর্শ প্রদান। ০৭) নিবন্ধিত সমবায় সমিতির সদস্যদের মধ্যে আগ্রহী সদস্যদের বাছাই করে প্রশিক্ষণ প্রদানের জন্য মনোনয়ন প্রদান, বস্তিবিক জীবনে অথবা কর্মজীবনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে সেই বিষয়ে ট্রেড ভিত্তিক আধুনিক প্রশিক্ষণের ব্যবস্থা করন।
০২। অন্যান্য দপ্তরের সেবা সম্পর্কে জ্ঞাতকরন	০২। অধ্যকার সভায় উপজেলা সমবায় অফিসার, বড়াইগ্রাম, নাটোর উপস্থিত ব্যক্তি বর্গকে এ দপ্তরের নিজস্ব সেবা প্রদানের পাশাপাশি অন্য দপ্তরের সেবাগুলি সহজে পাইবার উপায় এবং অন্যান্য দপ্তর কিকি ধরনের সেবা প্রদান করছে তা তা বিস্তারিত ভাবে জানান যেমনঃ- ০১। উপজেলা নির্যাহী অফিসঃ উপজেলা নির্বাহী অফিস উপজেলার সকল অফিসের নির্বাহী হিসেবে সেবা প্রদান করে আসছে। ০২) সমাজসেবা অফিসঃ মহিলাদের যাবতীয় কার্বলী ও সেবা প্রদান এছাড়া ও মৎস্য, প্রাণী সম্পদ, যুব, মহিলা, পরিসংখ্যান, শিক্ষা অফিস উপজেলা নির্বাচন অফিস ইত্যাদি সহ উপজেলাই যত গুলি সরকারী অফিস রয়েছে সে সকল অফিসের সেবা প্রদান বিষয়ে সিটিজেন চার্টার রয়েছে এবং সে সকল অফিস সাধারণ জনগনকে সেবা প্রদান করে আসছে।
৩। সমিতির অভিযোগ/ডিসপুট মামলার বিষয়ে সহায়তা প্রদান	৩। অধ্যকার সভায় উপজেলা সমবায় অফিসার, বড়াইগ্রাম, নাটোর উপস্থিত ব্যক্তিবর্গকে জানান যে, সমিতির দৈনন্দিন কাজ পরিচালনার ক্ষেত্রে অনেক সময় বিরোধ বা ডিসপুট মামলার প্রয়োজন হয় সে অত্রাফিস থেকে সার্বিক সহযোগীতা প্রদান করা হয়। অনেক সময় কোন সদস্য বা সমিতি বা সমবায় অফিসের কোন কর্মচারীর বিরুদ্ধে অভিযোগ দেখা দিলে তাহা দ্রুততার সহিত সমাধান করে দেওয়া হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নম্বর ৪৭.৬১.৬৯১৫.০০০.০০৬.০০৪..২০.৫২

তারিখঃ ১৩/০৯/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরন করা হল।

১। জেলা সমবায় অফিসার নাটোর।

২। উপজেলা নির্বাহী অফিসার, বড়াইগ্রাম, নাটোর।

মোঃ আমজাদ হোসেন
উপজেলা সমবায় অফিসার

বড়াইগ্রাম, নাটোর।

১৩/০৯/২৩